

জি-থায়াজাইড টি

(হাইড্রোক্লোরোথায়াজাইড + ট্রায়ামটেরিন) বিপি

উপস্থাপন :

প্রতি টেবলেটে রয়েছে হাইড্রোক্লোরোথায়াজাইড বিপি ২৫ মিঃ গ্রাঃ এবং ট্রায়ামটেরিন বিপি ৫০ মিঃ গ্রাঃ।

কার্যবিধি :

হাইড্রোক্লোরোথায়াজাইড ডিষ্টাল টিউবুলে সোডিয়াম ও পটাশিয়ামের পুনঃ শোষণে বাধা দেয়, ট্রায়ামটেরিন ডিষ্টাল রেনাল টিউবুলে পটাশিয়াম ও হাইড্রোজেন আয়নের পরিবর্তে সোডিয়াম আয়নের পুনঃ শোষণে বাধা দেয় সুতরাং উভয়ের মিলিত কার্যক্রমে সোডিয়াম ও পানির নিঃস্রণ বৃদ্ধির সঙ্গে সঙ্গে শরীরে পটাশিয়ামের ঘাটতি রক্ষা পায়। উচ্চ রক্তচাপ দমনে হাইড্রোক্লোরোথায়াজাইডের ভূমিকা রয়েছে কিন্তু এর প্রকৃত কার্যক্রম আমাদের জানা নেই।

জি-থায়াজাইড টি গ্রহণের ১ ঘন্টার মধ্যে প্রস্রাবের পরিমাণ বৃদ্ধি পেয়ে ২-৩ ঘন্টার মধ্যে সর্বোচ্চ পরিমাণে পৌঁছে এবং এর কার্যকারিতা ৭-৯ ঘন্টা পর্যন্ত স্থায়ী হয়।

ব্যবহার নির্দেশক :

শোথ ও উচ্চ রক্তচাপের চিকিৎসায় জি-থায়াজাইড টি ব্যবহার হয়। কনজেস্টিভ কার্ডিয়াক ফেইলিওর, হেপাটিক সিরোসিস, নেফ্রোটিক সিনড্রোম এবং কার্টিকো স্টেরয়েড ও ইন্সট্রোজেন উদ্ভূত শোথ রোগের চিকিৎসায় ইহা ব্যবহার হয়। শরীর হতে পটাশিয়াম নিঃস্রণ রক্ষা পাওয়ায় জি-থায়াজাইড টি দীর্ঘ দিন ধরে উচ্চ রক্তচাপ চিকিৎসায় ব্যবহৃত হয়।

বিরূপ প্রতিক্রিয়া ও সাবধানতা :

দুর্বলতা, মাথা ব্যথা, মাথা ঘুরা, মুখ শুকিয়ে যাওয়া, ত্বকে ফুসকুরী ও বিভিন্ন প্রতিক্রিয়া, পারপিউরা, বমিভাব, বমি,

ডায়ারিয়া, কোষ্ঠকাঠিন্য ইত্যাদি উপসর্গ জি-থায়াজাইড টি গ্রহণে দেখা দিতে পারে।

অন্যান্য পটাশিয়াম রক্ষাকারী মূত্র বর্ধক যেমন স্পাইরোনোল্যাকটোন অথবা এমিলোরাইডের সঙ্গে জি-থায়াজাইড টি এর ব্যবহার সম্পূর্ণভাবে নিষিদ্ধ। গর্ভাবস্থায়, লিভারের অচেতনতায় প্রস্রাব বৃদ্ধি ও বৃদ্ধিশয়ের অকৃতকার্যতায় ইহার ব্যবহার বাঞ্ছনীয় নয়।

মাত্রা ও ব্যবহার বিধি :

১টি অথবা ২টি টেবলেট দিনে দুইবার আহারের পর সেব্য। উচ্চ রক্তচাপ চিকিৎসায় প্রত্যহ অথবা একদিন পর পর ১টি টেবলেট প্রয়োজন।

দৈনিক কখনও ৪টি টেবলেটের বেশী গ্রহণ করা উচিত নয় এবং এই উচ্চ মাত্রা ব্যবহারে বিরূপ প্রতিক্রিয়ার সম্ভাবনা বেড়ে যায়।

সংরক্ষণ :

ঠান্ডা ও শুষ্ক জায়গায় আলো থেকে দূরে শিশুদের নাগালের বাইরে সংরক্ষণ করুন।

প্যাকেজিং :

জি-থায়াজাইড টি টেবলেট : ১০ X ১০ টেবলেটের স্ট্রিপ।

বিশেষ দ্রষ্টব্য :

চিকিৎসকের ব্যবস্থাপত্র ছাড়া ব্যবহার বা বিক্রয় নিষিদ্ধ।



প্রস্তুতকারক :

গণস্বাস্থ্য ফার্মাসিউটিকেলস্ লিঃ

মির্জানগর ভায়া সাতার ক্যান্টঃ, সাতার, ঢাকা-১৩৪৪, বাংলাদেশ